

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৭৯৮

আগরতলা, ৯ সেপ্টেম্বর, ২০২৫

ওরিয়েন্টাল ক্লাবে বিশাল স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত  
৫০৭ জন রোগী পেলেন বিশেষজ্ঞ চিকিৎসা পরিষেবা

আজ দক্ষিণ ত্রিপুরার বিলোনিয়ায় ওরিয়েন্টাল ক্লাব প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় মেগা স্বাস্থ্য শিবির। এই শিবির স্থানীয় মানুষের মধ্যে অভূতপূর্ব সাড়া ফেলেছে। এই স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছিল ওরিয়েন্টাল ক্লাব বিলোনিয়া, আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ, অল ত্রিপুরা গভর্নমেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশন, ন্যাশনাল হেলথ মিশন ত্রিপুরা এবং দক্ষিণ জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির যৌথ উদ্যোগে। এদিন মোট ৫০৭ জন রোগী বিভিন্ন বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ নেন। রোগীদের জন্য বিনামূল্যে করা হয় র্যান্ডম ব্লাড সুগার, HBsAg, HCV, HIV ও ম্যালেরিয়া পরীক্ষা সহ নানা স্বাস্থ্য পরীক্ষা।

বিশেষজ্ঞ চিকিৎসকদের দলে ছিলেন মেডিসিন বিশেষজ্ঞ ডা. কনক চৌধুরী, ডা. অচিন্ত্য পাল, ডা. দেবাশিস পাল, গাইনোকলজিস্ট ডা. কৌশিক মহাজন, ডা. অরুণ রায়, চক্ষুরোগ বিশেষজ্ঞ ডা. অমিত সেন, শিশুরোগ বিশেষজ্ঞ ডা. সুশান্ত দাস, সার্জারি বিশেষজ্ঞ ডা. তমাল সরকার, ডা. ফিলিপ রিয়াং, অর্থোপেডিক্স সার্জন ডা. স্নেহাশিস দত্ত, ইএনটি বিশেষজ্ঞ ডা. সুতপ ভট্টাচার্য, ফিজিক্যাল মেডিসিন ও রিহ্যাবিলিটেশন বিশেষজ্ঞ ডা. সুমিত দেবনাথ, ডেন্টাল সার্জন ডা. সঞ্জয় বিশ্বাস। চিকিৎসকগণ আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ, শান্তিরবাজার জেলা হাসপাতাল এবং বিলোনীয়া মহকুমা হাসপাতাল থেকে এসেছিলেন। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*